

## বরিশাল অঞ্চলে ১১ শিক্ষা প্রতিষ্ঠানের ভবন সংস্কারের কাজগুলো করবে যুবদল ও ছাত্রদলের নেতারা

বরিশাল থেকে জেলা স্বাস্থ্য পরিবেশক ও শিক্ষা অধিদপ্তরের বরিশালস্থ ফ্যাসিলিটিজ বিভাগের ১৬ অফিসে প্রায় ৪৫ লাখ টাকার কাজ করার প্রত্যাশায় যেকোন ঠিকাদার পকেটের টাকা খরচ করে সিডিউল কিনতে পারে; কিন্তু কাজগুলো করবে বরিশাল জেলা ও মহানগর যুবদল, ছাত্রদলের ১১ জন নেতা। আর লিখিতভাবেই ১১ জনের তালিকা দিয়ে রেখেছেন জেলা যুবদল সম্পাদক শাহেদ আকন সম্রাট।

বরিশাল অঞ্চলের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ভবন সংস্কারের জন্য ফ্যাসিলিটিজ বিভাগ ১৬টি অফিসে দরপত্র আহ্বান করেছে। দরপত্রের প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করা হয়েছে ৪৪ লাখ ৮৭ হাজার টাকা। সিডিউল বিক্রি শুরু হওয়ার আগেই জেলা যুবদলের সম্পাদক শাহেদ আকন সম্রাট ওই অফিসে গিয়ে পটুয়াখালী জোনের একটি প্যাডে নিজ হাতে ১১ জন যুবদল ও ছাত্রদল নেতার নাম লিখে তালিকাটি হিসাবরক্ষকের টেবিলে রেখে এসেছেন। তার নির্দেশ অনুযায়ী হিসাবরক্ষক আগ্রহী ঠিকাদারদের বলে দিচ্ছেন, যেকোন ঠিকাদার টাকা খরচ করে সিডিউল কিনতে পারেন; কিন্তু কাজগুলো করবেন তালিকাভুক্ত নেতারা। তালিকায় আর যাদের নাম দেয়া হয়েছে তারা হলো জেলা বিএনপির ছাত্র বিষয়ক সম্পাদক আবুল কালাম শাহীন, জেলা স্বেচ্ছাসেবক

দলের আহ্বায়ক কে. এম. শহীদুল্লাহ, জেলা যুবদল সভাপতি আতা হারুল ইসলাম চৌধুরী বাবুল; জেলা যুবদলের সহ-সভাপতি হাবিবুর রহমান টিপু, জেলা যুবদলের যুগ্ম-সম্পাদক সৈয়দ আকবর হোসেন, জেলা ছাত্রদলের সভাপতি আকতার হোসেন মেবুল, জেলা ছাত্রদলের সম্পাদক মনোয়ার হোসেন জিপু, মহানগর ছাত্রদলের সভাপতি সাইফুল আহসান আজিম ও মহানগর ছাত্রদলের সম্পাদক মীর জাহিদুল কবির।

উল্লেখ্য, ১১ই ফেব্রুয়ারি পর্যন্ত সিডিউল বিক্রি এবং ১২ই ফেব্রুয়ারি দরপত্র জমা দেয়ার তারিখ নির্ধারণ করা আছে।